

ফরেন অ্যান্ড কমনওয়েলথ অফিস
কনস্যুলার সার্ভিসেস

বিদেশে নিয়ে জোরপূর্বক বিয়ে (Forced Marriages Abroad)

আপনার পছন্দ বেছে নেয়ার অধিকার

বিদেশে নিয়ে জোরপূর্বক বিয়ে দেয়ার ব্যাপারে আপনি কি উদ্বিগ্ন ?

দুই পক্ষের স্বাধীন এবং পূর্ণ অনুমতি নিয়ে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া উচিত।

বিদেশ গমনের পর কিছু সংখ্যক তরুণ/তরুণীকে জোর করে বিয়ে দেয়া হয়।

আইনগত নিরাপত্তার অধিকার আপনার রয়েছে। কেউ যদি আপনাকে জোর করে বিয়ে দিতে চায় তাহলে তারা যুক্তরাজ্য এবং অন্য দেশের আইন বিরোধী কাজ করছে।

আপনার নিরাপত্তার খাতিরে বিদেশ গমনের আগে ভালভাবে চিন্তাভাবনা করবেন।

আপনি যদি যান তাহলে যাওয়ার আগে নিম্নলিখিত কাজগুলো করা উচিত:

- ফরেন অফিসের কমিউনিটি লিয়ার্জেন ইউনিটের সঙ্গে যোগাযোগ করবেন
 - টেলিফোন নম্বর: 020 7008 0230
 - অথবা ই-মেইল করুন : clu @fco.gov.uk
- এই প্রচারপত্রের শেষে যে কার্ড রয়েছে সেটা পূরণ করে সঙ্গে রাখুন। এটাকে নিরাপদ জায়গায় রাখুন এবং ভ্রমণের সময় সঙ্গে নেবেন।

ইউনিটের কাছে নিম্নলিখিত বিবরণগুলো দিলে খুবই উপকার হয় :

- আপনার নাম, পাসপোর্টে যেভাবে লেখা
- আপনার পাসপোর্ট নম্বর, তারিখ এবং যেখান থেকে ইস্যু করা হয়েছে।
- আপনার জন্মের তারিখ
- আপনার সাম্প্রতিক এক কপি ছবি
- আপনার মা-বাবার নাম
- যুক্তরাজ্যে আপনার ঠিকানা ও টেলিফোন নম্বর
- আপনি যে দেশে যাচ্ছেন সেখানকার ঠিকানা ও টেলিফোন নম্বর
- বিদেশে আপনার যে আত্মীয় স্বজনের বাড়ীতে যাবেন তাদের নাম ও ঠিকানা
- আপনি যে তারিখে যুক্তরাজ্যে ফেরত আসবেন
- যুক্তরাজ্যে আস্থাভাজন কোন আত্মীয় বা বন্ধুর বিবরণ।

আপনাকে সাহায্য করার জন্য আমরা রয়েছি।

আপনার প্রদত্ত সকল তথ্যের গোপনীয়তা বজায় রাখা হবে।

নিম্নলিখিত জিনিসগুলো আপনার সঙ্গে নিতে ভুলবেন না :

- আপনি যে দেশে যাচ্ছেন সেই দেশের ব্রিটিশ হাই কমিশন/ এম্বেসীর ঠিকানা ও টেলিফোন নম্বর (এগুলো ফরেন অফিস থেকে 020 7008 0230 নম্বরে অথবা ওয়েবসাইটে : www.fco.gov.uk পাবেন।
- সামান্য পয়সা যদি টেলিফোন করার বা যানবাহনের জন্য দরকার হয়।

বিদেশে অবস্থানকালে যদি ভয় করেন আপনাকে জোর করে বিয়ে দেয়া হবে তাহলে

নিকটস্থ ব্রিটিশ হাই কমিশন/ এম্বেসীর সঙ্গে যোগাযোগ করুন এবং আমরা

- আপনাকে যুক্তরাজ্যে ফিরিয়ে আনার চেষ্টা করব
- ইমারজেন্সী পাসপোর্ট ইস্যু করতে পারি।
- আপনি যে দেশে আছেন সেখানে নিরাপদ বাসস্থান এবং যানবাহনের ব্যবস্থা করব।

আপনাকে কি কি করতে হবে ?

- আপনি/বা আপনার কোন বন্ধুকে প্লেনের টিকেটের পয়সা দিতে হবে। যুক্তরাজ্যে ফিরে আসার খরচ বাবদ আমরা ব্যতিক্রমধর্মী পরিস্থিতিতে লোন বা ঋণ দিতে পারি। তবে ফেরত আসার পর এই পয়সা আমাদেরকে ফেরত দিতে হবে।
- আপনার পাসপোর্টের বিবরণ দরকার হবে।
- আপনাকে হয়ত নিকটস্থ ব্রিটিশ হাই কমিশন বা এম্বেসীর কাছে যেতে হবে।

আপনি যদি হাইকমিশন বা এম্বেসীর কাছে যেতে না পারেন তবুও আমরা আপনাকে সাহায্য করার জন্য যথাসাধ্য চেষ্টা করব।

দ্বৈত নাগরিকত্ব

দ্বৈত নাগরিকত্বের মানে হচ্ছে একাধিক দেশের নাগরিক হওয়া। আপনার মা/বাবা অন্য কোন দেশের নাগরিক হলে আপনি একজন দ্বৈত নাগরিক হতে পারেন। ফলে আমাদের পক্ষে কোন কিছু করা সম্ভব নাও হতে পারে।

তবে ব্রিটিশ বা দ্বৈত নাগরিক নির্বিশেষ যারা অভ্যাসগতভাবে যুক্তরাজ্যে বসবাস করেন এমন সকল ব্রিটিশ পাসপোর্টধারীকে নিরাপত্তা প্রদান করা আমাদের লক্ষ্য।

অধিকতর তথ্যের জন্য অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন :

**Community Liaison Unit, G55
Foreign & Commonwealth Office
Old Admiralty Building
London SW1A 2PA**

টেলিফোন: 020 7008 0230/0109

যাওয়ার আগে পরবর্তী কাজ করতে ভুলবেন না :

নিম্নলিখিত কার্ড পূরণ করে আলাদা করবেন এবং ভ্রমণের সময় সঙ্গে রাখবেন

হাই কমিশন/এম্বেসী - ঠিকানা এবং টেলিফোন নম্বর:

আপনার পাসপোর্ট নম্বর:

ইস্যু করার তারিখ:

যে স্থান থেকে ইস্যু করা হয়েছে :

আপনি যে দেশে যাচ্ছেন সেখানকার আত্মীয়ের নাম ও ঠিকানা:

দি কমিউনিটি লিয়ার্সন ইউনিট(00 44 20 7008 0230 – ই-মেইল: clu@fco.gov.uk)

জোরপূর্বক বিয়েতে আপনি রাজী না হলে আপনাকে সাহায্য করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করব।